

## ■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ১৮৫১

১৮ / শাসন

পরিচ্ছেদঃ বৈধ কাজে শাসকবৃন্দের আনুগত্য করা ওয়াজিব এবং অবৈধ কাজে তাদের আনুগত্য করা হারাম

আরবী

عَنْ أَبِي ذَرٍّ قَالَ أَتَانِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا فِي مَسْجِدِ الْمَدِينَةِ فَضَرَبَنِي  
بِرِجْلِهِ وَقَالَ أَلَا أَرَاكَ نَائِمًا فِيهِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ غَلَبْتِنِي عَيْنِي قَالَ كَيْفَ تَصْنَعُ إِذَا  
أُخْرِجْتَ مِنْهُ فَقُلْتُ أَتَيْ أَرْضَ الشَّامِ الْأَرْضَ الْمُقَدَّسَةَ الْمُبَارَكَةَ قَالَ كَيْفَ تَصْنَعُ إِذَا  
أُخْرِجْتَ مِنْهُ قَالَ مَا أَصْنَعُ أَضْرِبُ بِسَيْفِي يَا رَسُولَ اللَّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ  
عَلَيْهِ وَسَلَّمَ أَلَا أَدْلُكَ عَلَى خَيْرٍ مِنْ ذَلِكَ وَأَقْرَبَ رُشْدًا قَالَهَا مَرْتَيْنِ تَسْمَعُ وَتُطِيعُ وَتَنْسَاقُ  
كَيْفَ سَاقُوكَ

বাংলা

(১৮৫১) আবু ধার (রাঃ) বলেন, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট এলেন। আমি তখন মদীনার মসজিদে (ঘূমিয়ে) ছিলাম। তিনি আমাকে তাঁর পা দ্বারা আঘাত করলেন ও বললেন, আমি কি তোমাকে এখানে ঘুমাতে দেখছি না?" আমি বললাম, 'হে আল্লাহর রসূল! আমার এমনিই চোখ লেগে গেল।' তিনি বললেন, "তোমাকে যখন এখান থেকে বের করে দেওয়া হবে, তখন তুমি কি করবে?" আমি বললাম, 'আমি বরকতময় পবিত্র ভূমি শাম দেশকে পছন্দ করি। (সেখানে চলে যাব।)' তিনি বললেন, "সেখান থেকেও তোমাকে বহিকার করলে তুমি কী করবে?" আমি বললাম, 'কী করব? আমি আমার তরবারি দ্বারা লড়াই করব হে আল্লাহর রসূল!' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুইবার বললেন, আমি তোমাকে এর চাইতে উন্নত ও উচিততর কর্তব্য বলে দেব না কি? আদেশ পালন করো, আনুগত্য করো এবং তোমাকে যেখানে যেতে বলে, সেখানেই চলে যেয়ো।

ফুটনোট

(কিতাবুস সুন্নাহ, শায়বানী ১০৭৪, আলবানী হাদিসটিকে সহীহ বলেছেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65599>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন